1000Rs.

5000Rs.

INDIA NON JUDICIAL

५००० रु.

Rs 5000

सत्यमेव जयते

भारत

पाँच हजार रुपये FIVE THOUSAND RUPEES

Admissible under Regn. Rule 21 duly stamped under the Indian stamp Act-1899 as amended by Act-II of-1922 & section 34 (1) of the Calcutta Improvement Act-1911 amended

Rs. 2374

Stamp duly paid under the Indian Stamp Act, -1899 of Amended in-1964 Rs.

Additional duty paid under the Calcutta Improvement Act-1911 Rs.

Total Rs.

U/S 9 (3) of the W. B. prevention of under Valuation of Instruments Rule 1994

Market Value Rs. 153125

Deficit Stamp Duty of Rs. 2280

Dist. Sub-Registrar III
Alipore, South 24-Parganas

12.2.02

Dist. Sub-Registrar III
Alipore, South 24-Parganas
20.3.02

D. S. D. Rs. 2280/-

vide D D. No. 524141

Dated 19.3.02

D A Rs.

D. S. R. III
24-Pgs. (S)
20.3.02

1089/-

।। মবলগে ৫৪,৭০০/- (চুয়ান্ন হাজার সাতশত)

টাকা মূল্যের সাফ বিক্রয় কোবালা দলিল।।

****

কোবালা দাতাঃ-

****

শ্রী কান্তি রঞ্জন চক্রবর্ত্তী, পিতা- স্বর্গীয় নলিনী মোহন চক্রবর্ত্তী, জাতি হিন্দু, পেশা- অবসর প্রাপ্ত, সাকিন- ২৩, শিবাজী রোড, ওয়েষ্ট রাজাপুর, থানা- যাদবপুর, কোলকাতা- ৭০০ ০৩২, জিলা- দক্ষিণ ২৪-পরগনা।

****

1000Rs.

INDIA NON JUDICIAL

१000रु.

Rs 1000

सत्यमेव जयते

भारत

एक हज़ार रुपये ONE THOUSAND RUPEES

(2) Kanti Ranjan Chakraborty
S/- Hafiz Khan
Chandan Kr Mondal
Tapan Kr Bhowmik

কোবালা গ্রহিতা ঃ-

* * * * * * * * * *

শ্রী অশোক কুমার বসু, পিতা নির্মল কুমার বসু, জাতি- হিন্দু, পেশা- ব্যবসা, সাকিন- পি/৪৯ বাঙ্গুর অ্যাভিনিউ, ব্লক- সি, থানা- লেক টাউন, কোলকাতা- ৭০০ ০৫৫।

xxxx

1000Rs.

INDIA NON JUDICIAL

१000रु.

Rs 1000

सत्यमेव जयते

भारत

एक हज़ार रुपये ONE THOUSAND RUPEES

(3) Kanti Ranjan Chakraborty
Jahed Khan
Chandan Kr Mondal
Tapan Kr. Bhowmik

সমর্থনকারী পক্ষঃ-

****

মেসার্স কে. বি. ওয়ারহাউসিং কর্পোরেশন এর পক্ষে শুধুমাত্র **জাভেদ আহামেদ খান,** পিতা- মৃত করিম বক্স খান, জাতি- মুসলমান, পেশা- ব্যবসা, সাকিন ২, জি. জে. খান রোড, থানা- তিলজলা, কোলকাতা- ৭০০ ০৩৯, এবং (১.) **শ্রী চন্দন কুমার মন্ডল,** পিতা- শ্রী জহর লাল মন্ডল, জাতি হিন্দু, পেশা- ব্যবসা, সাকিন ৫২, ধাপা রোড, থানা- তিলজলা, কোলকাতা- ৭০০ ০৩৯, (২.) **শ্রী তপন কুমার ভৌমিক,** পিতা- স্বর্গীয় বলাই লাল ভৌমিক, জাতি- হিন্দু, পেশা- ব্যবসা, সাকিন- ৫৩/২, দেবেন্দ্র চন্দ্র দে রোড, নতুন বস্তী, থানা- ট্যাংরা, কোলকাতা- ৭০০ ০১৫।

××

কস্য নিম্ন তপসিলে বর্নিত স্থানীয় পরিমাপে কমবেশ **২ (দুই) কাঠা ৩ (তিন) ছটাক** পরিমিত শালি জমিজমা মায় তদ্ সংলগ্ন কমন প্যাসেজের যাবতীয় ব্যবহারিক স্বত্বাদি সহ সম্পত্তি সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় নিস্বত্ব সাফ বিক্রয় কোবালা দলিল পত্র মিদং কার্য্যাঞ্চাগেঃ-

1000Rs.

INDIA NON JUDICIAL

१000रु. Rs 1000

सत्यमेव जयते

भारत

एक हज़ार रुपये ONE THOUSAND RUPEES

(8)

Ranit Kanti Chowdhury
Tapan Kr Mandal
Tapan Kr Bhattacharjee

জিলা দক্ষিণ ২৪-পরগনা, থানা সাবেক টালিগঙ্গ তৎপরে যাদবপুর, হাল কসবা, সাব-রেজিষ্ট্রি অফিস- শিবাদহ, পরগনা- খাসপুর, অত্র জিলা কালেক্টরীর ৫৬ নং তৌজি ভুক্ত, রে. সা. নং- ৩, জে. এল. নং- ২৫, বর্তমানে কোলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের ১০৯ নং ওয়ার্ডের অন্তর্গত মৌজা- নয়াবাদ গ্রামের সি. এস. ৫ ও ৬ নং খতিয়ান ভুক্ত জমিজমা বাওয়ালী, থানা- বজবজ, জিলা- দক্ষিন ২৪-পরগনা নিবাসী নন্দ কিশোর মন্ডল (অধুনা মৃত) ও রাম কিশোর মন্ডল (অধুনা মৃত) দিগরের বহুকালের স্বত্ব দখলীয় সম্পত্তি থাকে।

100Rs.

INDIA NON JUDICIAL

१०० रु. Rs 100

सत्यमेव जयते

भारत

एक सौ रुपये ONE HUNDRED RUPEES

(৫)

Kanti Ranjan Chakraborty
Md Khan

Chandra Kanta Handel
Tapan Kr. Bhowmik

উক্ত ও অন্যান্য সম্পত্তি সরিক গনের মধ্যে ভাগ-বাঁটোয়ারা করিবার জন্য উক্ত সম্পত্তির অংশীদার গন বিগত ইংরাজী ১৯৪১ সালের ১৬ নং একটি টাইটেল মোকদ্দমা আলিপুরের তৃতীয় সাব-জজ আদালতে দায়ের করেন এবং বিগত ইংরাজী ১৯৭১ সালের ৪ ঠা জুন তারিখে উক্ত আদালত কতৃক ঘোষিত চুড়ান্ত ডিক্রি অনুসারে উক্ত মোকদ্দমার ৫ নং বিবাদী হিসাবে সি. এস. ১০২ নং দাগের ২০ (কুড়ি) বিঘা ও সি. এস. ৩১ নং দাগের ৯ (নয়) বিঘা মোট দুই দাগে ২৯ (ঊনত্রিশ) বিঘা শালি জমিজমা যাহা উক্ত পার্টিশান মামলার সাথ

100Rs.

INDIA NON JUDICIAL

१०० रु.

Rs 100

सत्यमेव जयते

भारत

एक सौ रुपये ONE HUNDRED RUPEES

(৬)

Kanti Ranjan Chakraborty
T. Ali Khan
Chandan Kr Handel
Tapan Kr Bhattacharjee

গ্রথিত নক্সায় 'ঢ' ও 'ধ' চিহ্নিত প্লট হইতেছে উক্ত সম্পত্তি সাকিন- বাওয়ালী, থানা- বজবজ, জিলা দক্ষিন ২৪-পরগনা নিবাসী জনৈক যুগল চন্দ্র মন্ডল (অধুনা মৃত) মহাশয় প্রাপ্ত হয়েন।

অতঃপর উক্ত যুগল চন্দ্র মন্ডল মহাশয় উক্ত মৌজা- নয়াবাদ গ্রামের উক্ত সি. এস. ৫ ও ৬ ও আর. এস. ১২৭, ১২৮ নং খতিয়ান ও অন্যান্য খতিয়ান ভুক্ত আর. এস. ১৯৫ নং এবং অন্যান্য দাগের মোট ২৯ (ঊনত্রিশ) বিঘা জমিজমা প্রাপ্ত হইয়া ভোগদখল করা কালিন

100Rs.

INDIA NON JUDICIAL

१०० रु.

Rs 100

सत्यमेव जयते

भारत

एक सौ रुपये ONE HUNDRED RUPEES

(২)

Kanti Ranjan Chakraborty
Advocate Khulna

Chandan Kumar Mondal
Tapan Kumar Bhowmik

উক্ত সম্পত্তি বিক্রয় করিবার জন্য বিগত ইংরাজী ২৮ শে এপ্রিল ১৯৬৯ তারিখে অত্র পত্রের দাতা আমার সহিত একটি লিখিত চুক্তি পত্রে আবদ্ধ হয়েন।

অতঃপর উক্ত যুগল চন্দ্র মন্ডল মহাশয় উক্ত চুক্তিপত্রে লিখিত শর্তাদি পালন না করিয়া তাহার এক পুত্রবধূ শ্রীমতি গৌরীরাণী মন্ডল ও এক নাতনী শ্রীমতি কুসুমিকা দাস মোট দুইজনকে তাহার ত্যক্ত ও উক্ত ও নিম্ন তপসিলে বর্নিত সম্পত্তির কেবলমাত্র ওয়ারেশ, উত্তরাধিকারিণী বিদ্যমান রাখিয়া ও অন্য কোন ওয়ারেশ, উত্তরাধিকারী না রাখিয়া বিগত

100Rs.

INDIA NON JUDICIAL

१०० रु.

Rs 100

सत्यमेव जयते

भारत

एक सौ रुपये ONE HUNDRED RUPEES

(৮) Kanti Ranjan Chakraborty
Chandan Kr. Mondal
Tapan Kr. Banerjee

ইংরাজী ৬ ই আগষ্ট ১৯৭১ তারিখে পরলোকে গমন করিলে পর আমি অত্র পত্রের দাতা উক্ত ও নিম্ন তপসিলে বর্ণিত সম্পত্তি আমার অনুকূলে পাইবার জন্য বিগত ইংরাজী ১৯৮৫ সালে আলিপুরের তৃতীয় সহকারী জেলা-জজ আদালতে স্পেসিফিক পারফরমেন্স অফ কন্ট্রাক্ট এর একটি টাইটেল মোকদ্দমা যাহার নং- ১৮৬ উহা আনয়ন করি এবং উক্ত মহামান্য আদালত অত্র পত্রের দাতা আমার অনুকূলে বিগত ইংরাজী ১০ ই আগষ্ট ১৯৯৪ তারিখে উক্ত মোকদ্দমার ডিক্রি অনুমোদন করেন।

50 Rs.

(২) Kanti Ranjan Gokhale
Khan
Chanda Kr Handal
Tapan Kr Bhowmik

অতঃপর আমি অত্র পত্রের দাতা আমি বিগত ইংরাজী ১৯৮৫ সালে উক্ত সম্পত্তির দরুন একটি অ্যাকুইজিশান মোকদ্দমা যাহার নং- ১ উহা উক্ত আলিপুরের তৃতীয় সহকারী জেলা-জজ আদালতে দায়ের করি এবং উক্ত আদালত উক্ত মোকদ্দমায় তাহার প্রচারিত ও নির্দেশিত বিগত ইংরাজী ১৪ ই মার্চ্চ ১৯৯৬ তারিখের ৩১ নং মেমো মোতাবেক জিলা দক্ষিন ২৪-পরগনার ডিষ্ট্রিক্ট রেজিষ্ট্রারার/সাব-রেজিষ্ট্রারারকে অত্র পত্রের দাতার অনুকূলে উক্ত সম্পত্তির দরুন কোবালা দলিল রেজিষ্ট্রি করিবার আদেশ দেন।

(১০) Kanti Ranjan Chakraborty
Ali Ahsan Khan
Chandra Kr Mondal
Tapan Kr. Bhowmik

অতঃপর উক্ত ও নিম্ন তপসিল বর্ণিত সম্পত্তির দরুন আমি অত্র পত্রের দাতা উক্ত আদালতের আদেশ মোতাবেক বিগত ইংরাজী ১৫ ই মার্চ্চ, ১৯৯৬ তারিখে আলিপুর ৩ নং ডিষ্ট্রিক্ট সাব-রেজিষ্ট্রারার অফিসে রেজিষ্ট্রিকৃত ১ নং বহির ২০ নং ভলিউমের ৪৯৬ হইতে ৫০৩ পৃষ্টায় লিপিবদ্ধ ইংরাজী ১৯৯৬ সালের ১০৭৯ নং কোবালা দলিল মূলে প্রাপ্ত হইয়া অদ্যাবধি চাষাবাদের দ্বারা ভোগদখল করিয়া আসিতেছি এবং একক ষোল আনা রকমের মালিক ও দখলীকার হইতেছি ও আছি এবং উক্ত সম্পত্তি আমার বিক্রয়ের ষোল আনা রকমের অধিকার বিদ্যমান রহিয়াছে।

এক্ষনে নানাবিধ বৈধ ও সংগত কারণে আমার নগদ অর্থের আবশ্যক হওয়ায় আমার খরিদা সুত্রে প্রাপ্ত উক্ত ও নিম্ন তপসিলে বর্নিত মৌজা- নয়াবাদ গ্রামের সি. এস. ৫ ও ৬ নং খতিয়ানভুক্ত, আর. এস. ১২৭, ১২৮ নং খতিয়ানভুক্ত ও অন্যান্য খতিয়ান ভুক্ত আর. এস. **১৯৫** নং দাগের জমিজমার মধ্যে স্থানীয় পরিমাপে কমবেশ **২ (দুই) কাঠা ৩ (তিন) ছটাক** শালি জমিজমা মায় তদ্ সংলগ্ন কমন প্যাসেজের যাবতীয় ব্যবহারিক ও ইজমেন্ট স্বত্বাদি সহ সম্পত্তির মূল্য ও উন্নয়ন সাধনের খরচ সহ মোট বর্তমান বাজারোচিত সর্ব্বোচ্চ

(১১)
S. Kanti Karim Chowdhury
1. Ahmed Khan
Chandan Kr Mondal
Tapan Kr Bhowmik

৫৪,৭০০/- (চুয়ান্ন হাজার সাতশত) টাকা পণ মূল্যে বিক্রয় করিবার ঘোষণা করিলে আপনি অত্র পত্রের গ্রহিতা তাহা অবগত হইয়া উক্ত ও নিম্ন তপসিল বর্নিত সম্পত্তি উক্ত নির্ধারিত মূল্যে আমার নিকট হইতে খরিদ করিতে সম্মত ও স্বীকৃত হইয়া আমার নিকট প্রকাশ ও প্রস্তাব দিলে আমি আপনার প্রস্তাবে ও উক্ত নির্ধারিত মূল্যে উক্ত সম্পত্তি আপনাকে বিক্রয় করিতে সম্মত ও স্বীকৃত হইয়া পণ মূল্যের সমুদয় টাকা আপনার নিকট হইতে নিম্ন জায়মত গ্রহন করিয়া অত্র পত্রে তাহার প্রাপ্তি স্বীকার পূর্ব্বক অত্র বিক্রয় কোবালা দলিল আপনার নাম বরাবর লিখিয়া দিয়া এতদ্বারা স্বীকার, অঙ্গীকার, প্রকাশ ও প্রচার করিতেছি যে-

উক্ত বা নিম্ন তপসিল বর্ণিত বিক্রিত জমিজমাতে আমার যাহা কিছু স্বত্ব, স্বামিত্ব, দখল, অধিকার হক-হকুক বিদ্যমান ছিল বা আছে তৎসমুদয় আমা হইতে লোপ ও রহিত হইয়া আপনার খরিদা স্বত্বে বর্ত্তিল ও অর্শিল । আপনি অদ্য হইতে আমার যাবতীয় স্বত্বে স্বত্ববান ও মালিক দখলকার হইয়া কালেকটারী ও কোলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনে আপনার নিজ নাম-পত্তন পূর্ব্বক ধার্য্যকৃত খাজনা ও ট্যাকসাদি আদায় দিয়া দান, বিক্রয়, বন্ধকাদি সর্ব্বপ্রকার হস্তান্তর ও রূপান্তরের অবাধ ক্ষমতা যুক্তে পুত্র পৌত্রাদি ওয়ারিশান ও

(১২) Kanti Ranjan Chakraborty
J. Ahmed Khan
Chandan Kr Mondal
Tapan Kr Bhowmik

স্থলাভিষিক্তগণক্রমে যদিচ্ছা ভাবে পরমসুখে ভোগদখল করিতে থাকুন, তাহাতে আমি মায় আমার ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণক্রমে কেহ কস্মিনকালে কোনপ্রকার ওজর আপত্তি দাবী দাওয়া করিতে পারিব না বা পারিবেক না, করিলেও তাহা সর্বত্র সর্বাদালতে বাতিল নামঞ্জুর ও অগ্রাহ্য হইবে।

অত্র বিক্রিত সম্পত্তি আমি ইতিপূর্বে অপর কাহাকেও দান, বিক্রয়, বন্ধক, বায়না, প্রজাবিলি, চার্জ, সিকিউরিটি ইত্যাদির দ্বারা বা অন্য কোনপ্রকারে হস্তান্তর বা দায়াবদ্ধ করি নাই বা উহাতে কোন লিয়েন বা চার্জ নাই বা উহাতে আমি ব্যতীত আমার অপর কোন শরিক, দাবীদার বা অংশীদার নাই, বা উহা ইতিপূর্বে বিক্রিয়ের নিমিত্ত অপর কাহারও সহিত লিখিত বা মৌখিক চুক্তিতে আবদ্ধ নাই বা উহা ল্যান্ড এ্যাকুইজিশান বা কোন পাবলিক বডি কর্তৃক এ্যাকুইজিশান বা রিকুইজিশান হয় নাই বা ঐরূপ হইবার জন্য অদ্যাবধি আমার উপর কোনপ্রকার নোটিশাদি জারি হয় নাই বা উহাতে কোন ভাগচাষী বা বর্গাদার নাই, উহা সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় আপনাকে সাফ বিক্রয় করিয়া দিয়া বিক্রিত সম্পত্তি আপনার অনুকূলে নক্সা প্রস্তুত করিয়া ও দেওয়াল দ্বারা সীমানা নির্ধারণ করিয়া দিলাম এবং

(১৩) Kanti Ranjan Chakraborty
Ahmad Khan
Chandan Kr Mondal
Tapan Kr. Bhowmik

খেলসা-খাস দখল পরিত্যাগ করিলাম এবং আপনি অত্র পত্রের গ্রহিত্রী তাহা বুঝিয়া পাইলেন।

প্রকাশ থাকে যে, বিগত ইংরাজী ১৮ ই এপ্রিল, ১৯৯৬ তারিখে উক্ত মেসার্স কে. বি. ওয়ারহাউসিং কর্পোরেশনের পক্ষে উক্ত জাভেদ আহামেদ খান মহাশয় উক্ত ও নিম্ন তপসিলে বর্ণিত সম্পত্তি খরিদ করিবার জন্য অত্র পত্রের দাতা আমার সহিত লিখিত চুক্তি পত্রে আবদ্ধ হয়েন এবং অত্র পত্রে লিখিত সমর্থনকারীগনের মধ্যে শ্রী চন্দন কুমার মন্ডল ও শ্রী তপন কুমার ভৌমিক মহাশয়দ্বয় উক্ত ও নিম্ন তপসিল বর্নিত সম্পত্তির উন্নয়ন-সাধন, রক্ষণা-বেক্ষন এবং বিক্রয়ের নিমিত্ত যাবতীয় প্রয়োজনীয় কার্য্য সম্পাদনের জন্য অত্র পত্রের দাতা আমার সহিত উক্ত চুক্তি পত্রের পক্ষ হিসাবে আবদ্ধ হয়েন।

অত্র পত্রের গ্রহিতা আপনি অত্র দলিলের বিষয়ভুক্ত সম্পত্তি যথারীতি অনুসন্ধান করিয়া ও সন্তুষ্ট হইয়া খরিদ করিলেন এবং ভবিষ্যতে অত্র দলিলে কোনপ্রকার ভুল-ভ্রান্তি থাকা প্রকাশ পাইলে তজ্জন্য যেকোন প্রকার সংশোধনী বা সাপ্লিমেন্টারী দলিল করার প্রয়োজন হইলে আমি তাহা বিনা পনে বে-ওজরে আপনার খরচায় আপনার তলবমত

(১৪) Kanti Ranjan Chakraborty
T. Akhtar Khan
Chandra Kr. Chakraborty
Tapan Kr. Bhowmik

আপনার নাম বরাবর উক্ত প্রকার দলিলে যথারীতি সহি সম্পাদন ও রেজেষ্ট্রি করিয়া দিতে

আমি মায় আমার ওয়ারিশানগণক্রমে বাধ্য ও স্বীকৃত রহিলাম।

ভবিষ্যতে আমার উপরোক্ত উক্তি বা তাহার কোন অংশে মিথ্যা বা তঞ্চকী থাকা

প্রকাশ পাইলে মাফিক আইন আমলে আসিতে আমি মায় আমার ওয়ারিশানগণক্রমে বাধ্য

রহিলাম।

এতদর্থে সুস্থ শরীরে, সরল মনে, অন্যের বিনানুরোধে, স্বেচ্ছায়, সজ্ঞাণে, অত্র দলিলের

যাবতীয় মর্ম্ম সম্যক অবগত হইয়া ও ভালোরূপে পড়িয়া ও বুঝিয়া মায় অত্র দলিলের

যাবতীয় শর্তে বাধ্য থাকিয়া পণ মূল্যের সমুদয় টাকার মধ্যে অত্র পত্রের কোবালা দাতা আমি

জমির মূল্য হিসাবে ১১,০০০/- (এগার হাজার) টাকা ও আমরা অত্র পত্রের সমর্থনকারী

পক্ষগণ পূর্ব্বে উল্লেখিত যাবতীয় প্রকারের উন্নয়ন সাধনের খরচ বাবদ ৪৩,৭০০/- (তেতাল্লিশ

হাজার সাতশত) টাকা, একুনে মোট ৫৪,৭০০/- (চুয়ান্ন হাজার সাতশত) টাকা নিম্ন জায়মত

গ্রহন করিয়া অত্র পত্রে তাহার প্রাপ্তি স্বীকার পূর্ব্বক অত্র বিক্রয় কোবালা দলিলে যথারীতি

সহি সম্পাদন ও রেজিষ্ট্রি করিয়া দিলাম। ইতি-

(১৫) Kanti Ranjan Mukherjee
T. Ahmed Khan
Chandan Kr Mondal
Tapan Kr Bhattacharjee

দিনাঙ্ক ইংরাজী ২০০২ সালের ১১ ই ফেব্রুয়ারী ।

মোতাবেক বাংলা ১৪০৮ সালের ২৮শে মাঘ ।

-ঃ তপসিল বিক্রিত সম্পত্তির পরিচয় ঃ-

জিলা দক্ষিণ ২৪- পরগণা, পরগনা- খাসপুর, থানা- সদর টালিগঞ্জ তৎপরে যাদবপুর হাল কসবা, সাব-রেজিষ্ট্রি অফিস- শিবাদহ, অত্র জিলা কালেক্টরীর ৫৬ নং তৌজিভুক্ত, রে. সা. নং- ৩, জে. এল. নং- ২৫, বর্তমানে কোলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের ১০৯ নং ওয়ার্ডের অর্ন্তগত, **মৌজা- নয়াবাদ** গ্রামের সি. এস. ৫ ও ৬ এবং আর. এস. ১২৭, ১২৮

(১৬) Kanti Rajan Chakraborty
T. Ahmed Khan
Chandra Kr Mondal
Tapan Kr Bhattacharjee

নং খতিয়ানভুক্ত আর. এস. **১৯৫** নং দাগের জমিজমার মধ্যে স্থানীয় পরিমাপে কমবেশ ২ **(দুই) কাঠা ৩ (তিন) ছটাক শালি** জমিজমা মায় তদ্ সংলগ্ন কমন প্যাসেজের যাবতীয় ব্যবহারিক ও ইজমেন্ট স্বত্বাদি যথা উহার উপর ও তলদেশ দিয়া ইলেকট্রিক লাইন, টেলিফোনের তার, জলের পাইপ, গ্যাসের পাইপ, ড্রেন, আন্ডার-ড্রেন ইত্যাদি আনয়ন করিবার স্বত্বাধিকার সহ দরবস্তু হক-হকুক, উহাই অত্র দলিলের বিক্রিত সম্পত্তি হইতেছে। যাহা অত্র সাথ দাখিলি নক্সায় **'লাল'** রঙের রেখাদ্বারা চিহ্নিত ও **ব্লক- 'বি', প্লট** নং- ২৪ হিসাবে পরিবেষ্টিত রহিল। উহাতে বর্তমানে চাষাবাদ হইতেছে। অত্র সাথ দাখিলি নক্সা অত্র দলিলের একাংশ বলিয়া গন্য হইবে।

তপসিল চৌহদ্দিঃ-

উত্তরে ঃ- পি- ১৬ নং প্লটের জমি।

দক্ষিনে ঃ- পি- ৩৪ ও ৩৫ নং প্লটের জমি।

পূর্ব্বে ঃ- পি- ২৫ নং প্লটের জমি।

পশ্চিমে ঃ- ২০ ফুট প্রসস্ত কমন প্যাসেজ।

SITE PLAN

AT PORTION OF C.S. DAG № 102, C.S. KHATIAN № 5,6,
& PORTION OF R.S. DAG № 195, R.S. KHATIAN № 127 & 128,
IN MOUZA - NAYABAD. J.L. № 25, R.S. № 3. SHEET № 2.
P.S. KASBA, DIST. 24 PARGANAS (SOUTH) CALCUTTA - 78.
UNDER THE C.M.C. (J. UNIT) WARD № 109, BOROUGH - XII

SCALE 40'-0" = 1" INCH.

BLOCK: "B" PLOT № - 24

AREA OF NET LAND :- 2K - 3CH - 05FT (APPROX)

PURCHASED LAND SHOWN IN RED BORDER



Kanti Ranjan (Architect)
T. Haque Khan
Chandan Kr Mandal
Tapan Kr Banerjee

DRAWN-BY
21-9-2000

বর্ণ সংস্থাপকঃ-

বিমল সেন

আলিপুর পুলিশ কোর্ট,

Kanti Ranjan Chakraborty
T. Ahmed Khan
Chandan Kr Mandal
Tapan Kr Bhowmik

তপসিল টাকার জায়ঃ-

অদ্য রোজ নোট ও নগদে প্রাপ্ত ..... ৫৪,৭০০/- টাকা মাত্র।

(মবলগে **চুয়ান্ন হাজার সাতশত** টাকা মাত্র বুঝিয়া পাইলাম।)

Kanti Ranjan Chakraborty

T. Ahmed Khan
Chandan Kr Mandal
Tapan Kr Bhowmik

মুসাবিদাকারকঃ-

তপনকুমার ভৌমিক
আইনজীবী,
আলিপুর পুলিশ কোর্ট,
কোলকাতা- ৭০০ ০২৭।

বর্ণ সংস্থাপকঃ-

বিমল সেন
আলিপুর পুলিশ কোর্ট,
কোলকাতা- ৭০০ ০২৭।

ইসাদিঃ-

১) অভিজিৎ দাস
পঃ- চাঁদমারী
থানা + পোঃ- সোনারপুর

২) বিমল সেন
২/৩/২, ২ মহেন্দ্র মিত্র
স্ট্রীট - ২৯